# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/সুনামগঞ্জ-৬৫/১৩১

তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

**বিষয়: অনুমোদিত ম্যানেজিং কমিটি ভেঙ্গে দেয়া প্রসঙ্গে**

সূত্র : (১) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারকনং-বামাশিবো/প্রশা/২২৪২৫১২৯৯৯৪১/১০৮০৮৫/নথি নং-৬৫; তারিখ: ০৮.০৫.২০২৫ খ্রি.

(২) মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং- নং-বামাশিবো/প্রশাসন/সুনামগঞ্জ-৬৫/৬৭; তারিখ: ৩১ জুলাই ২০২৫ খ্রি.

(৩) উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ স্মারক নং ০৫.৪৬.৯০৫০.০০০.৯৯.১৮৭.২১.১১৯১; তারিখ: ২৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সুনামগঞ্জ জেলার জামালগঞ্জ উপজেলাধীন লক্ষ্মীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসার সহ-সুপার জনাব মো: ইমরান সরওয়ার এর বরখাস্ত বিষয়ে রিট পিটিশন নং-৪৬৬৯/২০২৫ এ মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী বোর্ড কর্তৃক সূত্রোক্ত ০২ নং স্মারকে ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে তাঁকে স্ব-পদে বহাল এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উক্ত মাদ্রাসার সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ-কে পত্র দেয়া হয়। অদ্যাবধি সভাপতি,সহ-সুপার জনাব মো: ইমরান সরওয়ার-কে স্ব-পদে বহালের বিষয়ে কোন ব্যবস্থা গ্রহণ না করায় উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ সূত্রোক্ত ০৩ নং স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর অনুচ্ছেদ ৩৮ অনুসারে কমিটির বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করার জন্য মতামত প্রদান করেছেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশ অনুযায়ী বোর্ড কর্তৃক প্রেরিত পত্র মোতাবেক সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার জনাব মো: ইমরান সরওয়ার-কে স্ব-পদে বহাল বিষয়ে ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক কোন ব্যবস্থা গ্রহণ না করে বোর্ডের আদেশ অমান্য করায় এবং উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ কর্তৃক প্রেরিত মতামতের প্রেক্ষিতে সূত্রোক্ত ০১ নং স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা ভেঙ্গে দেয়া হলো এবং প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠন করার জন্য মাদ্রাসা প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

৭.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ০২-৯৬১২৮৫৮
ইমেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, লক্ষ্মীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা,
ডাকঘর:গোলকপুর-২৪৫০ ও উপজেলা: জামালগঞ্জ, সুনামগঞ্জ;

নং- বামাশিবো/প্রশা/সুনামগঞ্জ-৬৫/১৩১(৮)

তারিখ: ২২ আশ্বিন ১৪৩২ / ০৭ অক্টোবর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ;
২. জেলা শিক্ষা অফিসার, সুনামগঞ্জ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৬. সভাপতি, লক্ষ্মীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৫. জনাব মো: ইমরান সরওয়ার, সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত),
লক্ষ্মীপুর তায়ীদুল ইসলাম রাহমানিয়া দাখিল মাদ্রাসা, জামালগঞ্জ, সুনামগঞ্জ;
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড;
৮. অফিস কপি।

০৭.১০.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ০২-৯৬৭৪৮৭৪
ইমেইল: dradmin@bmeb.gov.bd